গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোটচাঁদপুর, ঝিনাইদহ।
www.kotchandpur.jhenaidah.gov.bd

উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি :	দেবপ্রসাদ পাল উপজেলা নির্বাহী অফিসার কোটচাঁদপুর, ঝিনাইদহ।
স্থান :	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তারিখ :	১৩-০৪-২০১৬ খ্রিঃ
সময় :	বিকাল ০৪.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নাম : পরিশিষ্ট-''ক''।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন। অতঃপর সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে আজকের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সভাপতি মহোদয় ওয়েব পোর্টাল নিয়ে বিস্তারিত আলোচনা করেন। উপজেলা পর্যায়ে বিভিন্ন দপ্তর ও ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভাপতি মহোদয় উপজেলা এবং ইউনিয়ন ওয়েব পোর্টাল সমূহ হালনাগাদকরণের উপর বিশেষ গুরুত্বারোপ করেন। উপজেলা ওয়েব পোর্টালের জন্য দপ্তর ভিত্তিক পাসওয়ার্ড হওয়ায় প্রত্যেক দপ্তরকে জনগুরুত্বপূর্ণ বিষয়/সিদ্ধান্ত ওয়েব পোর্টালে নিয়মিত আপলোড করার পরামর্শ প্রদান করেন। এছাড়া সভাপতি মহোদয় বলেন, ওয়েব পোর্টালে শিক্ষা প্রতিষ্ঠানের অনেক তথ্য সন্নিবেশ নেই। ওয়েব পোর্টাল সমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে না।

সভাপতি মহোদয় আরও বলেন, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাল্টিমিডিয়া ক্লাসরুমের গুরুত্ব অপরিসীম। এটিকে অবহেলা করার কোন সুযোগ নেই। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন কালে দেখা যায় প্রতিটি বিষয়ের উপর মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিচালনা হচ্ছে না। তাছাড়া নিয়মিত এ ক্লাস গুলো হয় না। বিষয়টি যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব সমূহ শিক্ষক শিক্ষার্থীরা নিয়মিত ব্যবহার করছে। সেখানে নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাস নেওয়া হয়। মাল্টিমিডিয়ায় ক্লাশ নেওয়ার জন্য বিভিন্ন শিক্ষক কর্তৃক যে সকল ডিজিটাল কনটেন্ট তৈরি করা হয় তা নিয়মিত শিক্ষক বাতায়নে আপলোড এবং ড্যাশবোর্ড ভিজিট করা সহ নানা বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

০১। কোটচাঁদপুর উপজেলার সকল ইউনিয়ন ওয়েব পোর্টাল এর তথ্য হালনাগাদ করার জন্য সকল উদ্যোক্তাকে অনুরোধ করা হয়। উদ্যোক্তাগণ তথ্য সন্নিবেশ ও হালনাগাদ করছে কি না তা কঠোরভাবে মনিটরিং করার জন্য সহকারী প্রোগ্রামার, কোটচাঁদপুর, ঝিনাইদহ কে অনুরোধ করা হয়।

০২। শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রেরিত তথ্য ওয়েব পোর্টলে আপলোড করার জন্য সহকারী প্রোগ্রামার, কোটচাঁদপুর, ঝিনাইদহ কে অনুরোধ করা হয়।

০৩। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব রয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল কনটেন্ট তৈরীর উপর বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

০৪। কমিটির সম্মানিত সদস্য সহ সংশ্লিষ্ট সকলকে নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহ পরিদর্শন করে কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুমের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।

০৫। ল্যাবে বিভিন্ন বিষয়ের ওপর ডিজিটাল কনটেন্ট তৈরী ও নিয়মিত আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকল শিক্ষককে অনুরোধ করা হলো। বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারেকে অনুরোধ করা হলো।

০৬। ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহে সেবা ও আয় বৃদ্ধির লক্ষ্যে উদ্যোক্তাসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য অনুরোধ করা হয়। বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করার জন্য সহকারী প্রোগ্রামার, কোটচাঁদপুর, ঝিনাইদহকে অনুরোধ করা হলো।

০৭। কোটচাঁদপুর উপজেলার মোট ৬৮ টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে মাত্র ৪২ টি শিক্ষা প্রতিষ্ঠানে ডাইনামিক ওয়েবসাইট চালু করা হয়েছে। অতিসত্বর সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডাইনামিক ওয়েবসাইট চালু করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে সভার মাধ্যমে অনুরোধ করেন। মে, ২০১৬ মাসের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডাইনামিক ওয়েবসাইট চালু নিশ্চিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭।৪।১৬

(দেবপ্রসাদ পাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
কোটচাঁদপুর, ঝিনাইদহ।
ফোন : ০৪৫২৪-৬৫০০১
ই-মেইল- unokotchandpur@mopa.gov.bd

১৩-৪-১৬

নং- ০৫.৪৪.৪৪৪২.০০০.০৫.০৫৫.২০১৬- ৬৮২ তারিখ : ১৩-০৪-২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য- ৮৩, ঝিনাইদহ-৩ ও উপদেষ্টা উপজেলা আইসিটি কমিটি, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটচাঁদপুর ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৪। অধ্যক্ষ, সরকারী কেএমএইচ ডিগ্রী কলেজ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৫। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
০৬। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৭। উপজেলা ....কর্মকর্তা, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৮। সহকারি প্রোগ্রামার, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
০৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ... কলোজ/বিদ্যালয়/মাদ্রাসা, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১০। জনাব .... কোটচাঁদপুর, ঝিনাইদহ।
১১। অফিস নথি ।

১৭।৪।১৬

উপজেলা নির্বাহী অফিসার
কোটচাঁদপুর, ঝিনাইদহ।

১৩-৪-১৬